इस पुस्तिका में **20** मुद्रित पृष्ठ हैं।
This Booklet contains **20** printed pages.

# MVD18–II

परीक्षा पुस्तिका संख्या
Test Booklet No.

LANG. CODE
**04**

## प्रश्न-पत्र—II / PAPER—II
## बंगला भाषा परिशिष्ट / BENGALI LANGUAGE SUPPLEMENT
## भाग IV & V / PART IV & V

परीक्षा पुस्तिका संकेत
**Test Booklet Code**

**M**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ संख्या 20) पर दिए गए निर्देशों को ध्यान से पढ़ें।**
**Read carefully the Instructions on the Back Cover (Page No. 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका के पृष्ठ संख्या 2 व 19 देखें।**
**For Instructions in Bengali, see Page Nos. 2 and 19 of this Booklet.**

### परीक्षार्थियों के लिए निर्देश :

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका का एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग—IV (भाषा—I) **या** भाग—V (भाषा—II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं**।
2. परीक्षार्थी भाग I, II, III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से।
3. अंग्रेजी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग—IV व भाग—V के अन्तर्गत दिए गए हैं। भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर-पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉलपॉइंट पेन** का प्रयोग करें।
5. इस भाषा पुस्तिका का **संकेत M** है। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका का संकेत, उत्तर-पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है। अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं तथा प्रत्येक 1 अंक का है :
   भाग—IV : भाषा—I (बंगला) (प्रश्न सं० 91–120)
   भाग—V : भाषा—II (बंगला) (प्रश्न सं० 121–150)
7. भाग—IV में भाषा—I के लिए 30 प्रश्न और भाग—V में भाषा—II के लिए 30 प्रश्न दिए गए हैं। इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से सम्बन्धित प्रश्न दिए गए हैं। **यदि भाषा—I और/या भाषा—II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है/हैं, तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लें। जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन-पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए।**
8. **परीक्षार्थी भाग—V (भाषा—II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा—I (भाग—IV) में चुनी गई भाषा से भिन्न हो।**
9. रफ़ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें।
10. सभी उत्तर केवल OMR उत्तर-पत्र पर ही अंकित करें। अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें। उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है।

### *Instructions for Candidates :*

1. This Booklet is a Supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part—IV (Language—I) **OR** Part—V (Language—II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Parts I, II, III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part—IV and Part—V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ballpoint Pen only** for writing particulars on this page/marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **M**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **Two** Parts, IV and V, consisting of **60** Objective-type Questions and each carrying 1 mark :
   Part—IV : Language—I (Bengali) (Q. Nos. 91–120)
   Part—V : Language—II (Bengali) (Q. Nos. 121–150)
7. Part—IV contains 30 questions for Language—I and Part—V contains 30 questions for Language—II. In this Test Booklet, only questions pertaining to Bengali Language have been given. **In case, the language(s) you have opted for as Language—I and/or Language—II is a language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The languages being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part—V (Language—II) in a language other than the one chosen as Language—I (Part—IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________
Name of the Candidate (in Capitals)

अनुक्रमांक (अंकों में) : ____________
Roll Number (in figures)

(शब्दों में) : ____________
(in words)

परीक्षा-केन्द्र (बड़े अक्षरों में) : ____________
Centre of Examination (in Capitals)

परीक्षार्थी के हस्ताक्षर : ____________
Candidate's Signature

निरीक्षक के हस्ताक्षर : ____________
Invigilator's Signature

Facsimile Signature Stamp of Centre Superintendent ____________

# MVD18–II



LANG. CODE
**04**

**M**

## প্রশ্ন-পত্র—II

## বাংলা ভাষা পরিশিষ্ট

## ভাগ—IV এবং V

যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা-পুস্তিকাটি খুলবেন না।

পরীক্ষা-পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠা 19 এবং 20) মুদ্রিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন।

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী বাংলা ভাষায় ভাগ—IV (ভাষা—I) (Part—IV, Language—I) অথবা ভাগ—V (ভাষা—II) (Part—V, Language—II)-এর, কিন্তু **দুটিরই নয়**—উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা-পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ।
2. পরীক্ষার্থীরা ভাগ—I, II, III-এর উত্তর মুখ্য পরীক্ষা-পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ—IV এবং ভাগ—V-এর উত্তর তাঁদের নিজেদের নির্বাচিত ভাষা থেকে দেবেন।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা-পুস্তিকার ভাগ—IV এবং ভাগ—V-এ দেওয়া আছে। পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা পরিশিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন।
4. এই পৃষ্ঠার বিবরণগুলি লেখার জন্য এবং উত্তর-পত্রে উত্তর চিহ্নিতকরণের জন্য **কেবলমাত্র কালো/নীল বলপয়েন্ট পেন** ব্যবহার করতে হবে।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **M**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর-পত্রের **দ্বিতীয় পৃষ্ঠায়** মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা-পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন। কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা-নিরীক্ষক (Invigilator)-এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাঁকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা-পুস্তিকাটি বদলে দিতে বলবেন।
6. এই পরীক্ষা-পুস্তিকাটি IV এবং V এই **দুই** ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60** টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective-type Questions) বর্তমান। প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :

   ভাগ—IV : ভাষা—I (বাংলা) (প্রশ্ন সংখ্যা 91–120)
   
   ভাগ—V : ভাষা—II (বাংলা) (প্রশ্ন সংখ্যা 121–150)
7. ভাগ—IV-এ ভাষা—I-এর জন্য আছে 30 টি প্রশ্ন এবং ভাগ—V-এ ভাষা—II-এর জন্য আছে 30 টি প্রশ্ন। **যদি ভাষা—I এবং/অথবা ভাষা—II-এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয়, তাহলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা-পুস্তিকা চেয়ে নিন। আপনি আপনার আবেদন-পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে।**
8. **পরীক্ষার্থীদের ভাগ—V (ভাষা—II)-এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে যা তাঁদের ভাষা—I (ভাগ—IV)-এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা অর্থাৎ ভাষা—I (ভাগ—IV) এবং ভাগ—V (ভাষা—II)-এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না।**
9. পরীক্ষা-পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (Rough Work)-এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই Rough Work করতে হবে।
10. সব উত্তর OMR উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিতকরণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে।

পরীক্ষার্থীর নাম : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) : ____________________

(অক্ষরে) : ____________________

পরীক্ষা কেন্দ্র : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা-নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of Centre Superintendent ____________________

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–I** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part–IV (Q. Nos. 91–120)**, if they have opted **BENGALI** as **Language–I** only.

# Part—IV / খণ্ড—IV

# Language—I / ভাষা—I

# Bengali / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–I** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

*নির্দেশ* : নীচের প্রশ্নগুলির (**91** থেকে **105** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

**91.** ভাষা শিক্ষায় দুর্বল ছাত্রদের জন্য সবচেয়ে ভালো নির্দেশমূলক পরিকল্পনা হল—

(1) ব্যক্তিগত শিক্ষাপ্রদান

(2) গোষ্ঠীগত শিক্ষাপ্রদান

(3) যুগ্ম শিক্ষাপ্রদান (peer teaching)

(4) উপরোক্ত সবগুলি

**92.** ভাষা শিক্ষায় বস্তুগত মূল্যায়ন পদ্ধতিতে যা জরুরি তা আবশ্যিকভাবে—

(1) বস্তুনিষ্ঠ ও সমালোচনামূলক

(2) বোধমূলক ও ব্যবহারমূলক

(3) বিশ্বাসযোগ্য ও বৈধ

(4) উপরোক্ত সবগুলি

**93.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি ভাষা শিক্ষার উদ্দেশ্য নয়?

(1) ভাবনার প্রকাশ (publication of thoughts)

(2) ভাষার বোধিকতা

(3) লিখন দক্ষতা (proficiency in writing)

(4) মৌলিকতা

**94.** ভাষা দক্ষতার প্রসঙ্গে কোন্ বক্তব্যটি সত্য নয়?

(1) ভাষা দক্ষতার উন্নয়নে অনুশীলনের চেয়ে ভাষা আদর্শ (principles) বেশি গুরুত্বপূর্ণ।

(2) শিশুরা কেবল শোনা, বলা, পড়া এবং লেখার ক্রম অনুযায়ীই শেখে।

(3) বিদ্যালয়ে বলার ও লেখার দক্ষতার উপর জোর দিতে হবে।

(4) ভাষার চারটি দক্ষতার সবকটিই পারস্পরিক সম্পর্কযুক্ত।

**95.** ‘‘ভাষার ব্যাকরণ না জেনেও একটি শিশু সেই ভাষা দ্রুত শিখে নেয়।’’ একথা কে বলেছিলেন?

(1) মহর্ষি পতঞ্জলী

(2) লর্ড সুইট

(3) লর্ড মেকলে

(4) জেন পিয়াগেট

**96.** শ্রেণীকক্ষে পড়ানোর সময় আপনার ছাত্ররা ভাষার বিভিন্ন প্রশ্ন ও সংশয় আপনার সামনে হাজির করে। এরকম পরিস্থিতিতে আপনি কি করবেন?

(1) আপনি তৎক্ষণাৎ তৈরি হয়ে তাদের সংশয় দূর করবেন এবং প্রশ্নের উত্তর দেবেন।

(2) আপনি তাদের প্রশ্ন ও সংশয় লিখে নেবেন এবং পরের দিন তা দূর করবেন।

(3) আপনি তাদের বই থেকে পড়ে নিতে বলবেন এবং পরে আলোচনার মাধ্যমে তাদের সংশয় দূর করবেন ও প্রশ্নের উত্তর দেবেন।

(4) আপনি ওই সব ছাত্রদের তিরস্কার করে অনুশাসন বজায় রাখতে বলবেন।

**97.** মুখস্থ করার অভ্যাসের কারণে ছাত্রদের কি ধরনের ক্ষতির সম্মুখীন হতে হয়?

(1) তাদের মেধার বিকাশ হয় না।

(2) তাদের আত্মবিশ্বাস শেষ হয়ে যায়।

(3) তারা শ্রেণী শিক্ষা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে।

(4) তারা প্রকৃত গভীর চিন্তা করতে পারে না।

**98.** ভাষা শিক্ষায় প্রস্তাবনামূলক (inductive) পদ্ধতির একটি সুবিধা হল—

(1) ছাত্রদের গৃহকার্য করতে হয় না।

(2) ছাত্রদের মধ্যে মুখস্থবিদ্যার অভ্যাস তৈরি হয় না।

(3) শ্রেণীকক্ষের মধ্যে অনুশাসন বজায় থাকে।

(4) স্বল্প সময়ের মধ্যেই ছাত্ররা অনেক বেশি শিখতে পারে।

**99.** অভিব্যক্তি ও মতের _____ হল ভাষার সবচেয়ে ভালো মাধ্যম।

(1) প্রচার (propagation)

(2) সংগ্রহ (collection)

(3) বিনিময় (exchange)

(4) উপরোক্ত সবগুলি

**100.** একটি ভারতীয় শিশুর শেখার প্রয়োজন—

(1) মাতৃভাষা

(2) মাতৃভাষা এবং একটি আঞ্চলিক ভাষা

(3) মাতৃভাষা এবং ইংরেজি

(4) যে কোনো তিনটি ভাষা

**101.** একটি অন্তর্ভুক্ত (inclusive) শ্রেণীকক্ষে ভাষা শিক্ষার অন্যতম চ্যালেঞ্জ হল—

(1) উপযুক্ত ভাষা শিক্ষার প্রতিবেশের উন্নতির অভাব

(2) উপযুক্ত শিক্ষা-সামগ্রীর অভাব

(3) ছাত্রদের দক্ষতার বর্ণসংকরতা (heterogeneity)

(4) ছাত্রদের আগ্রহের অসমতা

**102.** নিম্নলিখিতের মধ্যে কোনটি মাতৃভাষা শিক্ষার জ্ঞান লক্ষ্য নয় ?

(1) ভাষা তথ্য সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান অর্জন

(2) বিষয়বস্তু সম্পর্কে জ্ঞান পাওয়া

(3) উচ্চারণ বিষয়ে জ্ঞান অর্জন

(4) ভাষায় বিভিন্ন ধরনের লেখার বিষয়ে জ্ঞান অর্জন

**103.** নিম্নলিখিতের মধ্যে কোনটি একটি শিক্ষণ পদ্ধতি ?

(1) নির্বাচন (selection) পদ্ধতি

(2) আগ্রহ (interest) পদ্ধতি

(3) প্রেরণা (motivation) পদ্ধতি

(4) উপরোক্ত সবগুলি

**104.** ভাষা শিক্ষার শ্রব্য-দৃশ্য সামগ্রী যে কারণে উপযোগী তা হল

(1) সঠিক উচ্চারণ

(2) সঠিক লেখা

(3) সঠিক পড়া

(4) উপরের কোনটিই নয়

**105.** প্রতিকারযোগ্য (remedial) শিক্ষণ একটি পদ্ধতি, যা

(1) সমস্যা চিহ্নিতকরণের মাত্রাকে বাড়িয়ে দেয়।

(2) সমস্যা দূর করায় সফলতা প্রদান করে।

(3) অগোছালোভাবে (jumbled) সমস্যা উপস্থাপন করে।

(4) সমস্যার প্রতি ভাষানীতির জ্ঞান সরবরাহ করে।

*নির্দেশ* : নিম্নপ্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**106** থেকে **114** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

বাংলার বিভিন্ন জনপদরাষ্ট্র নিজেদের স্বাতন্ত্র্য ঘুচিয়ে এক অখণ্ড ভৌগোলিক রাষ্ট্রীয় ঐক্যসম্বন্ধে আবদ্ধ হল। বাংলা ভাষা প্রাচ্যদেশীয় প্রাকৃত ও মাগধী প্রাকৃত থেকে স্বতন্ত্র হয়ে, অপভ্রংশ পর্যায় থেকে মুক্তি পেয়ে তার যথার্থ আদিম রূপ প্রকাশ করল। এক জন ও এক ভাষার বৈশিষ্ট্য নিয়ে আজকের যে বাংলাদেশ, তার চারিদিকে রয়েছে সুস্পষ্ট প্রাকৃতিক সীমানা। রাষ্ট্রের সীমারেখা বিভিন্ন সময়ে বিভিন্ন রকমের হলেও প্রাকৃতিক সীমানা ঠিকই থাকে। এক ভাষাভাষী বাঙালি জাতির অখণ্ড বাসভূমি বাংলাদেশে রাষ্ট্রবিধাতাদের হাতে খণ্ড-বিখণ্ড হলেও তার প্রাকৃতিক সীমারেখার বদল হয়নি।

বাংলার উত্তর সীমায় সিকিম এবং হিমালয়-কিরীট কাঞ্চনজঙ্ঘার তুষারময় শিখর; তার নিম্ন উপত্যকায় বাংলার উত্তরপ্রান্তের দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলা। এই দুই জেলার পশ্চিমে নেপাল, পূর্বে ভুটান রাজ্যসীমা। দার্জিলিং-জলপাইগুড়ি-কোচবিহারে প্রধানত ভোটব্রহ্ম জনের বিভিন্ন শাখা-উপশাখা—কোচ, রাজবংশি, ভোটিয়া প্রভৃতি পার্বত্য কোমের বাস। উত্তর-পূর্বের প্রাকৃতিক সীমা একেবারে ব্রহ্মপুত্র নদ পর্যন্ত বিস্তৃত। বর্তমান গোয়ালপাড়া জেলার অধিকাংশই পুণ্ড্রবর্ধনের সীমানাভুক্ত ছিল; মধ্যযুগের উত্তর ব্রহ্মপুত্র উপত্যকার পশ্চিমতম প্রান্ত বাংলার সামাজিক ও সাংস্কৃতিক প্রভুত্বের অন্তর্ভুক্ত ছিল।

বাংলার পূর্ব সীমার উত্তরে ব্রহ্মপুত্র নদ, মধ্যে গারো, খাসিয়া ও জৈন্তিয়া পাহাড়, দক্ষিণে লুসাই, চট্টগ্রাম ও আরাকান শৈলমালা। গোয়ালপাড়া জেলার মতো শ্রীহট্ট এবং অংশত কাছাড়ের লোকও বাংলা ভাষাভাষী; সামাজিক স্মৃতি শাসন, আচার-ব্যবহার, রীতিনীতি এবং সেইসঙ্গে জন ও জাতের দিক থেকেও বাঙালি ও বাংলার সঙ্গে তাদের পুরোপুরি মিল। এখনও শ্রীহট্ট-কাছাড়ের হিন্দু-মুসলমানের সমাজ ও সংস্কৃতি লৌকিক ও অর্থনৈতিক দিক থেকে বাংলার পূর্বতম জেলাগুলির সঙ্গে একসূত্রে গাঁথা। পূর্ব-দক্ষিণে ত্রিপুরা ও চট্টগ্রাম শৈলশ্রেণি বাংলাদেশকে লুসাই জেলা ও ব্রহ্মদেশ থেকে পৃথক করেছে। বাংলার পশ্চিম সীমানা প্রাচীন ও মধ্যযুগে দক্ষিণে গঙ্গার তীর বরাবর একেবারে বর্তমান দ্বারভাঙ্গা (দ্বারবঙ্গ) জেলার পশ্চিম সীমা পর্যন্ত বিস্তৃত ছিল। কী ভূমি প্রকৃতিতে কী প্রাচীন ভাষায়, উত্তর বিহার ও মিথিলার সঙ্গে উত্তরবঙ্গ বা গৌড়-পুণ্ড্র-বরেন্দ্রীর খুব সামান্যই তফাত ছিল। পঞ্চদশ-ষোড়শ শতকে বিদ্যা ও সংস্কৃতির কেন্দ্র হিসেবে মিথিলা ছিল বাংলার পণ্ডিতদের কাছে পরমতীর্থ। মৈথিল কবি বিদ্যাপতি বাঙালির পরমপ্রিয় কবি।

**106.** বাংলার উত্তর-পূর্বের প্রাকৃতিক সীমা কতদূর পর্যন্ত বিস্তৃত?

(1) দামোদর নদ পর্যন্ত

(2) ব্রহ্মপুত্র নদ পর্যন্ত

(3) কোপাই নদী পর্যন্ত

(4) আত্রেয়ী নদী পর্যন্ত

**107.** মিথিলার বিখ্যাত কবির নাম—

(1) চণ্ডীদাস

(2) বিদ্যাপতি

(3) জ্ঞানদাস

(4) লোচনদাস

**108.** বাংলার পশ্চিম সীমানা প্রাচীন ও মধ্যযুগে কতদূর বিস্তৃত ছিল?

(1) কোপাই নদী পর্যন্ত

(2) অধুনা পাটনা পর্যন্ত

(3) বর্তমান জামসেদপুর পর্যন্ত

(4) বর্তমান দ্বারভাঙ্গা পর্যন্ত

**109.** সঠিক বাক্য নির্বাচন করুন।

(1) বাংলার পূর্ব সীমার উত্তরে ব্রহ্মপুত্র নদ, মধ্যে গারো, খাসিয়া ও জৈন্তিয়া পাহাড়, দক্ষিণে লুসাই, চট্টগ্রাম ও আরাকান শৈলমালা।

(2) বাংলার পূর্ব সীমার উত্তরে ব্রহ্মপুত্র নদ, মধ্যে গারো, খাসিয়া ও কাঞ্চনজঙ্ঘা পাহাড়, দক্ষিণে লুসাই, কাছাড় ও আরাকান শৈলমালা।

(3) বাংলার পূর্ব সীমার উত্তরে গঙ্গা নদী, মধ্যে গারো, খাসিয়া ও আরাকান পাহাড়, দক্ষিণে লুসাই, চট্টগ্রাম ও জৈন্তিয়া শৈলমালা।

(4) বাংলার পূর্ব সীমার দক্ষিণে ব্রহ্মপুত্র নদ, মধ্যে গারো, খাসিয়া ও জৈন্তিয়া পাহাড়, পশ্চিমে লুসাই, চট্টগ্রাম ও আরাকান শৈলমালা।

**110.** গদ্য অনুসারে সঠিক ক্রম নির্বাচন করুন—

(A) মৈথিল কবি বিদ্যাপতি বাঙালির পরমপ্রিয় কবি।

(B) এক ভাষাভাষী বাঙালি জাতির অখণ্ড বাসভূমি বাংলাদেশে রাষ্ট্রবিধাতাদের হাতে খণ্ড-বিখণ্ড হলেও তার প্রাকৃতিক সীমারেখার বদল হয়নি।

(C) এখনও শ্রীহট্ট-কাছাড়ের হিন্দু-মুসলমানের সমাজ ও সংস্কৃতি লৌকিক ও অর্থনৈতিক দিক থেকে বাংলার পূর্বতম জেলাগুলির সঙ্গে একসূত্রে গাঁথা।

(D) এই দুই জেলার পশ্চিমে নেপাল, পূর্বে ভুটান রাজ্যসীমা।

(1) (B), (C), (D), (A)

(2) (D), (B), (A), (C)

(3) (B), (D), (C), (A)

(4) (C), (B), (A), (D)

**111.** "বাংলার উত্তর সীমায় সিকিম এবং হিমালয়-কিরীট কাঞ্চনজঙ্ঘার তুষারময় শিখর;" আলোচ্য বাক্যে 'কাঞ্চনজঙ্ঘা' শব্দটি কি জাতীয় বিশেষ্য ?

(1) সংজ্ঞাবাচক বিশেষ্য

(2) সামান্য বিশেষ্য

(3) ক্রিয়াবাচক বিশেষ্য

(4) গুণবাচক বিশেষ্য

**112.** 'অন্তর্ভুক্ত' শব্দের কোন্ সন্ধি বিচ্ছেদটি সঠিক ?

(1) অন্ত+ভুক+তঅ

(2) অন্তর+ভুক্ত

(3) অন্ত:+ভুক্ত

(4) অন্ত+ভক্ত্

**113.** রাষ্ট্রের সীমারেখা বিভিন্ন সময়ে বিভিন্ন রকমের হলেও—

(1) রাজনৈতিক সীমানা ঠিকই থাকে।

(2) প্রাকৃতিক সীমানা ঠিকই থাকে।

(3) অর্থনৈতিক সীমানা ঠিকই থাকে।

(4) জলবায়ুগত সীমানা ঠিকই থাকে।

**114.** পঞ্চদশ-ষোড়শ শতকে মিথিলা কি কারণে বিখ্যাত ছিল ?

(1) ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র হিসেবে

(2) মন্দিরনগরী রূপে

(3) বিশ্ববিজয়ী রাজশক্তির কারণে

(4) বিদ্যা ও সংস্কৃতির কেন্দ্র রূপে

*নির্দেশ* : নিম্নপ্রদত্ত পদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**115** থেকে **120** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

দুপুরে আঁধার ঘর—মেঘে ঢাকা বিস্তৃত আকাশ
সরোজিনী চুরি করে নিয়ে যায় শাদা রাজহাঁস
হয়তো বা বৃষ্টি হবে, হয়তো বহিবে হাওয়া বেগে
মুখের অগ্নি কি তবে সরোজিনী ঢেকেছিল মেঘে ?
মাঠের উপরে শাদা হাঁসগুলি চরেছিলো একা
সরোজ ঘরেই ছিলো—শুধু তার চোখ মেলে দেখা
এই সব হাঁসেদের—বৃষ্টির সূচনা দেখে নেমে
জড়িয়ে গিয়েছে মেয়ে হাঁসে-ফাঁসে-কাপড়ের প্রেমে
শুধু চোখ মেলে দেখা, এই হাঁস স্পর্শ করা নয়
সরোজিনী বুঝেছিলো, শুধু তার বোঝেনি হৃদয়।

**115.** আলোচ্য কবিতায় কোন্ পাখির উল্লেখ করা হয়েছে ?

(1) বাজ

(2) কাক

(3) হাঁস

(4) পায়রা

**116.** ''মুখের অগ্নি কি তবে সরোজিনী ঢেকেছিল মেঘে ?'' অংশটিতে কোন্ অলঙ্কারের উপস্থিতি পাওয়া যায় ?

(1) সন্দেহ

(2) উল্লেখ

(3) রূপক

(4) অপহ্নুতি

**117.** সরোজ কোথায় ছিল ?

(1) বাতাসে

(2) জলে

(3) মাঠে

(4) ঘরে

**118.** আলোচ্য কবিতাটি কোন্ ছন্দে লেখা ?

(1) দলবৃত্ত বা স্বরবৃত্ত

(2) কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত

(3) মিশ্রকলাবৃত্ত বা মিশ্রবৃত্ত

(4) সনেট

**119.** এই কবিতায় হাঁস শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে ?

(1) পাঁচবার

(2) চারবার

(3) ছয়বার

(4) তিনবার

**120.** 'বৃষ্টি'র সন্ধি বিচ্ছেদ কি হবে ?

(1) বৃষ+টি

(2) বৃশ+টি

(3) বৃ+টি

(4) বৃষ্+তি

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে** **ভাষা–II** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–V** **(121 থেকে 150 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part–V (Q. Nos. 121–150)**, if they have opted **BENGALI** as **Language–II** only.

# Part—V / খণ্ড—V

## Language—II / ভাষা—II

## Bengali / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–II** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–V (121 থেকে 150 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

*নির্দেশ* : নীচের প্রশ্নগুলির (**121** থেকে **135** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

**121.** একটি সামগ্রিক (inclusive) শ্রেণীকক্ষে ছাত্ররা বেশিরভাগ সময় যেখানে ভুল করে—

(1) পড়ায়

(2) লেখায়

(3) বলায়

(4) উপরোক্ত সবগুলিতে

**122.** ''ব্যাকরণ যেমন আচরণগত তেমনই তাত্ত্বিক।'' এই বক্তব্যের সঙ্গে আপনি কতদূর সহমত?

(1) পুরোপুরি সহমত

(2) আংশিক সহমত

(3) সহমত নই

(4) সহমত হতেও পারি আবার নাও পারি

**123.** উচ্চ-প্রাথমিক অথবা মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের ভাষার প্রতি আগ্রহ জাগ্রত করতে প্রয়োজন—

(1) ছাত্রছাত্রীদের বই পড়তে বলা

(2) ছাত্রছাত্রীদের অধিকমাত্রায় মৌখিক বিশ্লেষণ করতে বলা

(3) ছাত্রছাত্রীদের বেশিমাত্রায় শ্রুতিলিখন করতে দেওয়া

(4) ছাত্রছাত্রীদের ব্যাকরণগত জ্ঞান বৃদ্ধি করা

**124.** মৌখিক উপস্থাপনায় নিম্নলিখিত কোন্ পদ্ধতিটি উপযুক্ত নয়?

(1) স্বর উপস্থাপন

(2) কবিতা আবৃত্তি

(3) মুখোমুখি উপস্থাপন

(4) সংকেত ভাষার (sign language) মধ্য দিয়ে উপস্থাপন

**125.** "মানুষের মাতৃভাষায় জ্ঞানের উন্নয়ন (cognitive development) ততটাই গুরুত্বপূর্ণ যতটা মাতৃদুগ্ধের।" একথা কে বলেছিলেন?

(1) রাজর্ষি টেন্ডন

(2) রয়বার্ন

(3) মহাত্মা গান্ধী

(4) বিবেকানন্দ

**126.** যদি ছাত্রদের এমন একটা ভাষা-মাধ্যমে পড়ানো হয়, যেখানে তাদের ভালো আধিপত্য নেই, তাহলে—

(1) প্রকৃত গভীর চিন্তা-ভাবনা সম্ভব নয়।

(2) ছাত্ররা মুখস্থবিদ্যা বা যেনতেন প্রকারে (mugging up) মনে রাখাতে অভ্যস্ত হয়ে উঠবে।

(3) ছাত্ররা পড়ায় আগ্রহ হারিয়ে ফেলবে।

(4) উপরোক্ত সবগুলি

**127.** ভাষা শিক্ষায় ভাষার আত্মীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রেক্ষিত হল—

(1) শোনা এবং বলা

(2) কেবল শোনা

(3) কেবল পড়া

(4) কেবল লেখা

**128.** ভাষা শিক্ষায় পড়ার উপাদানগত সবচেয়ে বড় চ্যালেঞ্জ হল—

(1) অল্প সময়ে অধিকতর জ্ঞানের সরবরাহ।

(2) পাঠ্য উপাদানের অন্তর্গত মোটা দাগের বিষয়গুলির উপযুক্ত ব্যাখ্যা দেওয়া।

(3) পাঠ্য বিষয়ের প্রতি ছাত্রদের মনযোগ আকর্ষণ করা।

(4) পাঠদান প্রক্রিয়ায় শিক্ষকদের কম শ্রম করা।

**129.** "মেধাবী ছাত্রদের উচ্চারণ এবং শব্দভাণ্ডার বেশি ভালো হয়।" একথা কে বলেছিলেন?

(1) টারম্যান

(2) ফিসার

(3) থাম্বা

(4) এঁদের সবাই

**130.** শব্দের অর্থ স্পষ্ট (clarifying) করার ক্ষেত্রে সবচেয়ে ভালো পদ্ধতি হল—

(1) শব্দ ব্যাখ্যা (explain) করা।

(2) অভিধান থেকে দেখে নেওয়া।

(3) বাক্যে শব্দের ব্যবহার অনুযায়ী ছাত্রদের আন্দাজ করার সুযোগ দেওয়া।

(4) ভাষা শিক্ষার মধ্য দিয়ে শব্দের অর্থকে স্পষ্ট করা।

**131.** মুদ্রিত পাঠ ব্যতিরেকে দ্বিতীয় ভাষা শেখার জন্য নিম্নলিখিত কোনটি সাহায্য করে?

(1) প্রাকৃতিক পদ্ধতি (natural approach)

(2) ভাষা নিমজ্জন (language immersion)

(3) ব্যাকরণ অনুবাদ পদ্ধতি

(4) পরিস্থিতিগত পদ্ধতি (situational approach)

**132.** ত্রুটিপূর্ণ পাঠ অভ্যাস তৈরি হওয়ার অন্যতম কারণ হল—

(1) বহুভাষিকতা

(2) দ্বিভাষিকতা

(3) অতিরিক্ত ভিড়যুক্ত শ্রেণীকক্ষ

(4) পড়ার সময় আঙুল দিয়ে নির্দেশিত করা অথবা দৃষ্টিকে আঙুল দিয়ে পরিচালনা করা

**133.** নিম্নলিখিতের মধ্যে কোন্ শিক্ষণ-পঠন সমস্যার সমাধান শব্দ জ্ঞান পদ্ধতিতে (পুরাতন পদ্ধতি) সম্ভব?

(1) বাক্যগঠনের ক্রমে সাহায্য করা

(2) সঠিক উচ্চারণ

(3) শিশুরা ব্যাখ্যা সমস্যার মোকাবিলা করে না

(4) উপরোক্ত সবগুলি

**134.** নিম্নলিখিতের মধ্যে কোনটি দক্ষতা উদ্দেশ্যের (skill objectives) সঙ্গে সম্পর্কযুক্ত নয়?

(1) পড়া

(2) লেখা

(3) শোনা

(4) ভাষায় আগ্রহ

**135.** ভাষার উন্নয়নকে যে বিষয় প্রভাবিত করে তা হল—

(1) স্বাস্থ্য

(2) মেধা

(3) ব্যক্তিগত পার্থক্যসমূহ (individual differences)

(4) উপরোক্ত সবগুলি

*নির্দেশ* : নিম্নপ্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**136** থেকে **143** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

দাদামশায়ের যাত্রা করবার শখ, গান বাঁধবার শখ—নানা শখ নিয়ে তিনি থাকতেন। ব্যাটারি চালাতেন, কেমিষ্ট্রির শখ ছিল। আর শৌখিনতার মধ্যে ছিল দুটো 'পিয়ার্ গ্লাস' তাঁর বৈঠকখানার জন্য। বিলেতে নবীন মুখুজ্জেকে লিখলেন—বাবাকে বলে এই দুটো যে করে হোক জোগাড় করে পাঠাও। তিনি লিখলেন, এখানে বড়ো খরচ, গভর্ণর বড়ো ক্লোজ-ফিস্টেড হয়েছেন। তবে দরবার করেছি। হুকুমও হয়ে গেছে, কার-টেগোর কোম্পানির জাহাজ যাচ্ছে, তাতে তোমার দুটো 'পিয়ার্ গ্লাস' আর ইলেকট্রিক ব্যাটারি খালাস করে নিও।

কানাইলাল ঠাকুরের শখ ছিল পোশাকি মাছে। ছেলেবেলা থেকে শখ পোশাকি মাছ খেতে হবে। বামুনকে প্রায়ই হুকুম করতেন পোশাকি মাছ চাই আজ। সে পুরোনো বামুন, জানত পোশাকি মাছের ব্যাপার, অনেকবারই তাকে পোশাকি মাছ রান্না করে দিতে হয়েছে। বড়ো বড়ো লালকোর্তা-পরা চিংড়িমাছ সাজিয়ে সামনে ধরল, দেখে ভারি খুশি, পোশাকি মাছ এল।

জগমোহন গাঙ্গুলিমশায়ের ছিল রান্নার আর খাবার শখ। হরেক রকমের রান্না তিনি জানতেন। পাকা রাঁধিয়ে ছিলেন, কি বিলিতি কি দেশী। গায়ে যেমন ছিল অগাধ শক্তি, খাইয়েও তেমনি। ভালো রান্না আর ভালো খাওয়া নিয়েই থাকতেন তিনি সকাল থেকে সন্ধে ইস্তিক। অনেকগুলো বাটি ছিল তাঁর, সকাল হলেই তিনি এ বাড়ি ও বাড়ি ঘরে ঘরে একটা করে বাটি পাঠিয়ে দিতেন। যার ঘরে যা ভালো রান্না হত, একটা তরকারি ওই বাটিতে করে আসত। সব ঘর থেকে যখন তরকারি এল তখন খোঁজ নিতেন, দেখ্ তো মেথরদের বাড়িতে কী রান্না হয়েছে আজ। সেখানে হয়তো কোনদিন হাঁসের ডিমের ঝোল, কোনদিন মাছের ঝোল—তাই এল খানিকটা বাটিতে করে। এই-সব নিয়ে তিনি রোজ মধ্যাহ্নভোজনে বসতেন। এমনি ছিল তাঁর রান্না আর খাওয়ার শখ। এইরকম সব ভোজনবিলাসী শয়নবিলাসী নানারকমের লোক ছিল তখনকার কালে। কারো আবার ছিল ঘুড়ি ওড়াবার শখ। কানাই মল্লিকের শখ ছিল ঘুড়ি ওড়াবার। ঘুড়ির সঙ্গে পাঁচ টাকা, দশ টাকার নোট পর পর গেঁথে দিয়ে ঘুড়ি ওড়াতেন, সুতোর প্যাঁচ খেলতেন।

**136.** আলোচ্য গদ্যে ক'জন মানুষের শখের কথা বলা হয়েছে ?

(1) পাঁচজন

(2) চারজন

(3) দুইজন

(4) তিনজন

**137.** বিলেত থেকে 'পিয়ার্ গ্লাস' আনানোর জন্য দাদামশাই কাকে লিখেছিলেন ?

(1) কানাইলাল ঠাকুরকে

(2) কানাই মল্লিককে

(3) অবনীন্দ্রনাথ ঠাকুরকে

(4) নবীন মুখুজ্জেকে

**138.** পোশাকি মাছ কাকে বলে ?

(1) চিংড়ি

(2) কাতলা

(3) পুঁটি

(4) খলসে

**139.** 'হুকুম' শব্দের অর্থ কী ?

(1) অনুরোধ

(2) আদেশ

(3) নিষেধাজ্ঞা

(4) হুঁশিয়ারী

**140.** 'কেমিষ্ট্রি'র বাংলা প্রতিশব্দ কী ?

(1) ভূবিদ্যা

(2) জীববিদ্যা

(3) রসায়ন বিদ্যা

(4) যন্ত্রবিদ্যা

**141.** ''কানাইলাল ঠাকুরের শখ ছিল পোশাকি মাছে।'' এটি কি ধরনের বাক্য ?

(1) জটিল বাক্য

(2) মিশ্র বাক্য

(3) যৌগিক বাক্য

(4) সরল বাক্য

**142.** কার ঘুড়ি ওড়াবার শখ ছিল ?

(1) নবীন মুখুজ্জের

(2) কানাই মল্লিকের

(3) জগমোহন গাঙ্গুলির

(4) রবীন্দ্রনাথ ঠাকুরের

**143.** 'দরবার' শব্দটি কি প্রকৃতির ?

(1) বিদেশী

(2) দেশী

(3) তৎসম

(4) তদ্ভব

*নির্দেশ* : নিম্নপ্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**144** থেকে **150** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

১৯৩২ সালে আমি নজরুল ইসলামকে প্রথম দেখি এবং তাঁহার গান তাঁহার মুখে প্রথম শুনি। ইহার পর এই শহরের নানা অনুষ্ঠানে তাঁহাকে দেখিয়াছি, তাঁহার গান শুনিয়াছি। কিন্তু প্রথম সাক্ষাতে তাঁহার খুব নিকটে বসিবার সুযোগ পাইয়াছিলাম। আমার মনে হইয়াছে তাঁহার সমস্ত ব্যক্তিত্বই সংগীতময়। তখন আইন অমান্য আন্দোলন চলিতেছে। কবি বোধহয় সেই কারণেই স্বদেশী গান গাহিলেন। যতদূর মনে পড়ে এপ্রিল মাসের কোনো সময় এই গানের আসরের ব্যবস্থা হইয়াছিল। নজরুলের শ্রোতারাও এইসময় স্বদেশী গান শুনিতে চাহিয়াছিলেন। দেশের অধিকাংশ রাজনৈতিক নেতা তখন কারাগারে। সুভাষচন্দ্র ২ জানুয়ারি গ্রেফতার হন। ইহার পর ওই মাসেই মহাত্মা গান্ধী, বল্লভভাই প্যাটেল, রাজেন্দ্রপ্রসাদ, রাজাগোপালাচারী, সত্যমূর্তি প্রভৃতি কারারুদ্ধ হন। শান্তি ঘোষ ও সুনীতি চৌধুরীর যাবজ্জীবন কারাদণ্ডও এই মাসের শেষেই। ইহার পরের মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে বীণা দাস গভর্ণর স্ট্যানলি জ্যাকসনকে গুলি করিয়া হত্যা করার চেষ্টা করেন। কলেজের ছাত্ররা তখন ইংরেজ শাসনের প্রতি বিদ্বিষ্ট। আমাদের এই মুড বুঝিয়া কাজীসাহেব প্রথম গাহিলেন, 'দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার'। কান দিয়া যেমন গান শুনিতেছিলাম তেমন চক্ষু দিয়া কবিকে দেখিতেছিলাম। মনে হইতেছিল, কবি তাঁর সমস্ত তনু-মন-প্রাণ দিয়া গানটি গাহিয়াছেন। দারুণ গ্রীষ্মে কবির মুখখানিও ঈষৎ ঘর্মাক্ত। মনে হইল, স্বেদ মকরন্দ বিন্দু বিন্দু চুরত বিকশিত ভাব কদম্ব। সমস্ত সভাগৃহ যেন সেইভাবে টলমল করিতে লাগিল। ইহার পর তিনি গাহিলেন, 'চল্ চল্ চল্ ঊর্ধ্ব গগনে বাজে মাদল'। কবির সহজ সরলভাব লক্ষ করিয়া একজন শ্রোতা বলিলেন, 'কারার ঐ লৌহ কপাট' গানটি শুনিতে চাই। তিনি একটু হাসিয়া গানটি করিলেন। ইহার পর শুনিলাম, 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছে জুয়া'।

**144.** প্রাবন্ধিক যখন প্রথম নজরুল ইসলামকে দেখেন তখন দেশে কোন্ আন্দোলন চলছিল ?

(1) আইন অমান্য

(2) ভারত ছাড়

(3) ভীমরুল

(4) অসহযোগ

**145.** ২ জানুয়ারি কে কারারুদ্ধ হন ?

(1) মহাত্মা গান্ধী

(2) রাজেন্দ্রপ্রসাদ

(3) সুভাষচন্দ্র

(4) সত্যমূর্তি

**146.** _____ গভর্ণর স্ট্যানলি জ্যাকসনকে গুলি করিয়া হত্যা করিবার চেষ্টা করেন। শূন্যস্থান পূরণ করুন।

(1) প্রীতিলতা

(2) বীণা দাস

(3) সমিতা ধর

(4) গার্গী চৌধুরী

**147.** 'সমাবর্তন' শব্দের অর্থ কী ?

(1) বিচ্ছিন্ন হওয়া

(2) আনন্দ করা

(3) ঘুরতে যাওয়া

(4) একসাথে মিলিত হওয়া

**148.** 'যাবজ্জীবন' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।

(1) যাব+দজীবন

(2) যাবদ+জীবন

(3) যাবৎ+জীবন

(4) যাবত+জীবন

**149.** গদ্য অনুসারে সঠিক ক্রম নির্বাচন করুন।

(A) কলেজের ছাত্ররা তখন ইংরেজ শাসনের প্রতি বিদ্বিষ্ট।

(B) ইহার পর শুনিলাম, 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছে জুয়া'।

(C) সমস্ত সভাগৃহ যেন সেইভাবে টলমল করিতে লাগিল।

(D) কবি বোধহয় সেই কারণেই স্বদেশী গান গাহিলেন।

(1) (D), (A), (C), (B)

(2) (B), (D), (A), (C)

(3) (C), (A), (D), (B)

(4) (A), (B), (D), (C)

**150.** গানের অনুষ্ঠানে নজরুল কোন্ গানটি প্রথমে গেয়েছিলেন ?

(1) 'চল্ চল্ চল্ ঊর্ধ্ব গগনে বাজে মাদল'

(2) 'দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার'

(3) 'মোর প্রিয়া হবে এসো রাণী'

(4) 'কারার ঐ লৌহ কপাট'

*নিম্নলিখিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন :*

1. বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা-পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসাবে OMR উত্তর-পত্রে **দ্বিতীয় পৃষ্ঠায় কেবল একটিমাত্র বৃত্তকেই কালো/নীল বলপয়েন্ট পেন** দিয়ে ভরাট করতে হবে। একবার উত্তর চিহ্নিতকরণ হয়ে গেলে তা আর বদলানো যাবে না।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর-পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবে না, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না। পরীক্ষার্থী তাঁর ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না।
4. পরীক্ষা-পুস্তিকা এবং উত্তর-পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন। কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে না। শুধুমাত্র পরীক্ষা-পুস্তিকা এবং উত্তর-পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিকমতো পরীক্ষা-পুস্তিকা/উত্তর-পত্রে মুদ্রিত পরীক্ষা-পুস্তিকার কোড নম্বরটি লিখবেন।
6. মেশিন কেবলমাত্র উত্তর-পত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে। তাই কোনো তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশ-পত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোনো পার্থক্য থাকবে না।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ-পত্র (Admit Card) ছাড়া অন্য কোনো পাঠ্যবস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিন উপকরণ পরীক্ষা হলে আনা চলবে না। এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসাবে গণ্য করা হবে এবং তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে, এমনকী তাঁর পরীক্ষা বাতিল করাও যেতে পারে।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তাঁর প্রবেশপত্র তাঁকে দেখাবেন।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তাঁর আসন ছেড়ে উঠবেন না।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর-পত্র জমা না দিয়ে এবং হাজিরা-পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষা হল থেকে বেরোবেন না। যদি কোনো পরীক্ষার্থী হাজিরা-পত্রে দ্বিতীয়বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর-পত্র জমা করেননি এবং ব্যাপারটিকে দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য করা হবে।
12. ইলেক্ট্রনিক/হস্তচালিত ক্যালকুলেটরের ব্যবহার নিষিদ্ধ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য। কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা-পুস্তিকা ও উত্তর-পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা হল ছাড়ার আগে তাঁর উত্তর-পত্রটি অবশ্যই নিরীক্ষকের হাতে জমা দেবেন। পরীক্ষা-পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই। পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন।**

## निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर-पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉलपॉइंट पेन** से भरें। एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर-पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ। परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर-पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर-पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी।
5. परीक्षा पुस्तिका/उत्तर-पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाजिरी-पत्र में लिखें।
6. OMR उत्तर-पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी। इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्विच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए। इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर-पत्र दिए बिना एवं हाजिरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे। यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाजिरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर-पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा। **परीक्षार्थी अपने बाएँ हाथ के अँगूठे का निशान हाजिरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ।**
12. इलेक्ट्रॉनिक/हस्तचालित परिकलक का उपयोग वर्जित है।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं। अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर-पत्र का कोई भाग अलग न करें।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल/कक्ष छोड़ने से पूर्व उत्तर-पत्र निरीक्षक को अवश्य सौंप दें।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं।***

## READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ballpoint Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet/Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the Examination Hall/Room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the Examination Halls/Rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his/her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic/Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall/Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***